জামিন পেলেন নন-পলাতক আওয়ামী লীগের সভাপতি কামাল উদ্দিন



কামাল উদ্দিন। ছবি: সংগৃহীত

নিজেকে ‘বাংলাদেশ নন-পলাতক আওয়ামী লীগ’-এর সভাপতি পরিচয় দেওয়া আইনজীবী মো. কামাল উদ্দিনকে মুক্তি দিয়েছেন আদালত। শনিবার (১৪ নভেম্বর) বিকেলে চট্টগ্রামের একটি আদালতে হাজির করার পর শুনানি শেষে এ আদেশ দেওয়া হয়।

এর আগে শুক্রবার দিবাগত রাতে কর্ণফুলী উপজেলার মইজ্জারটেক এলাকার বাসা থেকে তাঁকে পুলিশি হেফাজতে নেওয়া হয়। পুলিশ জানায়, রাতে কয়েকজন ব্যক্তি তাঁর বাসার সামনে জড়ো হয়ে হামলার চেষ্টা করেন। খবর পেয়ে পুলিশ তাঁকে উদ্ধার করে হেফাজতে নেয়।

চট্টগ্রাম মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (এডিসি-বন্দর) সোহেল রানা জানান, মেট্রোপলিটন পুলিশ আইনের ৯৯ ধারায় কামাল উদ্দিনকে আদালতে পাঠানো হয়েছিল।

মুক্তির পর কামাল উদ্দিন সাংবাদিকদের বলেন, ১৯ নভেম্বর আওয়ামী লীগের নতুন অবরোধ কর্মসূচির সমালোচনা করায় মুখোশধারী কয়েকজন তাঁর ওপর হামলার চেষ্টা করেন। প্রশাসন তাঁকে উদ্ধার করে আদালতে পাঠায়। মুক্তি পেলেও আবার হামলার আশঙ্কা করছেন বলে জানান তিনি।

কামাল উদ্দিন কার্যক্রম নিষিদ্ধ চট্টগ্রাম দক্ষিণ জেলা যুবলীগের সাবেক সহ-আইনবিষয়ক সম্পাদক। আওয়ামী লীগ সরকারের সময় চট্টগ্রাম জেলা ও দায়রা জজ আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর (এপিপি) হিসেবেও দায়িত্ব পালন করেন তিনি।

২০২৪ সালের ৫ আগস্টের পর বিদেশে থাকা আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতাদের সমালোচনা করে এবং নিজেকে ‘নন-পলাতক আওয়ামী লীগ’-এর সভাপতি ঘোষণা দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও প্রকাশের পর আলোচনায় আসেন কামাল উদ্দিন।